

২০২০

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

বিভাগ - ক

১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ২৫
- (খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের কুসুম চরিত্রটি বিশ্লেষণ করো। ২৫
- (গ) 'অরণ্যের অধিকার' উপন্যাসের শেষে আলাদাভাবে 'উপসংহার' অংশ সংযোজনার সার্থকতা বিচার করো। ২৫
- (ঘ) 'অরণ্যের অধিকার' উপন্যাসে বীরসা মুন্ডার চরিত্রটি কীভাবে নির্মিত হয়েছে, আলোচনা করো। ২৫
- (ঙ) রবীন্দ্রনাথের 'একরাত্রি' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ২৫
- (চ) রবীন্দ্রনাথের 'সুভা' গল্পটি অবলম্বন সুভা চরিত্রটি বিশ্লেষণ করো। ২৫
- (ছ) ছোটগল্প হিসেবে 'মেঘমল্লার'-এর সার্থকতা বিচার করো। ২৫
- (জ) 'টোপ' গল্পের নামকরণ কতদূর সঙ্গতিপূর্ণ, আলোচনা করো। ২৫
- (ঝ) 'আদাব' দাঙ্গার পটভূমিতে রচিত সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের গল্প।— গল্পটি অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করো। ২৫
- (ঞ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পটির নামকরণের অভিনবত্ব বিচার করো। ২৫

বিভাগ - খ

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) "মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবারও শশীর আসিবে না"— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫
- (খ) "শশীকে জয় করিবার জন্য তাঁর এত বেশি আগ্রহের কারণও বোধহয় তাই।"— কার আগ্রহের কথা বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য লেখো। ১+১+৩

Please Turn Over

- (গ) ‘অরণ্যের অধিকার কৃষ্ণভারতের আদি অধিকার’।— ব্যাখ্যা করো। ৫
- (ঘ) “আট বছরের ছেলে গাইচরী করে হোক বা কোন দিকুর খামারে বাঁটপাট দেবার কাজ করে হোক, পেটের ঘাটো জোগাড় করে নেয়।” — ‘গাইচরী’ ও ‘ঘাটো’ শব্দ দুটির অর্থ কী? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- (ঙ) “তফাত যাও, তফাত যাও। সব বুট হায়, সব বুট হায়।” — কথাটি কে বলেছিল? কথাটি বলার পরে সে কী আচরণ করেছিল? ১+৪
- (চ) “ও কে। ও কে গো।” — কে কাকে এই প্রশ্ন করেছিল? কথাটি কোন পরিপ্রেক্ষিতে বলা হয়েছিল? ১+১+৩
- (ছ) “এ বৌটার পরমায়ু আছে” — কে কাকে এই কথাটি বলেছে? কথাটির তাৎপর্য কী? ১+১+৩
- (জ) “তিনি তো মানুষ নন, তিনি যে দেবতা, তিনি যে ভগবান।” — কথাটি কোন্ প্রসঙ্গে বলা হয়েছে? কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (ঝ) “এই মধ্যবিত্ত সংগ্রামের আড়ালেই কি বয়ে চলেছে লেখিকার জীবনের অন্তঃসলিলা প্রাণের প্রবাহ?” লেখিকা কে? ‘অন্তঃসলিলা প্রাণের প্রবাহ’ বলতে কী বোঝানো হয়েছে? ১+৪
- (ঞ) “আজকের রাতটা বড় অদ্ভুত। অনেকদিন মনে থাকবে।” — কে কাকে কথাটা বলেছে? রাতটা অদ্ভুত কেন? ২+৩
-